গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০১৭ (অংশ-১)/ ৮৪১ তারিখ: ২০/০৪/২০২৫ খ্রি:।

**বিষয়: বার্ষিক আমদানি প্রাপ্যতার মেয়াদ শেষে নতুন প্রাপ্যতা শীট জারী না হওয়া পর্যন্ত পূর্বের প্রাপ্যতা শীটের বিপরীতে কাঁচামাল আমদানির সুবিধা সর্বোচ্চ ০৩ (তিন) মাস পর্যন্ত বহাল রাখা প্রসঙ্গে।**

সূত্র: ০১। লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর ১৫/০১/২০২৫ খ্রি. তারিখের আবেদন;
০২। জাতীয় রাজস্ব বোর্ডের কার্যবিবরণী নথি নং-১(২৮) শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৪ (অংশ-১)/৪৫৮ (১৩), তারিখ: ২৮/০৬/২০০৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত ০১ নং পত্রের মাধ্যমে লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর আবেদন এবং এ সংক্রান্ত আইনানুগ বিধানাবলী পর্যালোচনা করা হয়েছে। উল্লেখ্য, সরাসরি রপ্তানিমুখী চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্প খাতের প্রতিষ্ঠানসমূহের বিশেষায়িত পরিচালনা পদ্ধতি ও উদ্ভুত ইস্যুসমূহ সমাধানকল্পে আইনগত রূপরেখা/কার্যপদ্ধতি নির্ধারণে জাতীয় রাজস্ব বোর্ড কাজ করছে। বর্ণিত অবস্থায়, রপ্তানির বৃহত্তর স্বার্থে অন্তবর্তীকালীন সময়ের জন্য ০২ নং সূত্রে বর্ণিত কার্যবিবরণীর মাধ্যমে প্রদত্ত সিদ্ধান্তের ধারাবাহিকতায় নিম্নরূপ নির্দেশনা করা হলো:

"বন্ড লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে নবায়নের পর ০৩ (তিন) মাসের মধ্যে নিরীক্ষা/তদন্ত সম্পন্ন করে কাস্টমস বন্ড কমিশনারেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জন্য আমদানিতব্য কাঁচামালের নতুন বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করে প্রাপ্যতা শীট জারি করবে। উক্ত বার্ষিক প্রাপ্যতা শীট জারি না হওয়া পর্যন্ত [সর্বোচ্চ ০৩ (তিন) মাস পর্যন্ত] পূর্ববর্তী মেয়াদের প্রাপ্যতা বহাল রয়েছে বলে গণ্য হবে। পরবর্তী নিরীক্ষায় কোন উপকরণের আমদানি প্রাপ্যতা কম নিরূপিত হলে এবং নতুন প্রাপ্যতা শীট জারির পূর্বে একই উপকরণ তার চেয়ে অধিক পরিমাণ আমদানি হয়ে থাকলে পরবর্তী মেয়াদের নিরূপিত প্রাপ্যতা হতে অতিরিক্ত পরিমাণ উপকরণ সমন্বয় করা যাবে।"

20.04.2025

[মোঃ আল আমিন]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক:**

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০১৭ (অংশ-১)/ তারিখ: ২০/০৪/২০২৫ খ্রি:।

**অনুলিপি; সদয় অবগতির জন্য:**

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সভাপতি, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, হারবার গুলশান লিংক, ট-৯৪/বি. মধ্য বাড্ডা গুলশান লিংক রোড, ঢাকা।
৪-৫। অফিস কপি/গার্ড কপি।

[মোঃ আল আমিন]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

H:\কাকলি IT\Head-02\Head-01\Letter\01.001.17.D(Part-1).Doc

CS CamScanner